বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ
www.Krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০২৪ তারিখঃ ২৫/০৭/২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কোভিড পরবর্তী সময়ে এসএমই খাতের প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় সারাদেশের উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তাসহ ক্লাস্টার, ক্লায়েন্টেল ও অ্যাসোসিয়েশন সদস্য উদ্যোক্তা এবং নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণের উদ্দেশ্যে বিগত ১১ জুন ২০২৪ খ্রিষ্টাব্দে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে।

০৩। এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত রিভলভিং ফান্ড পরিচালনার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের জারিকৃত নীতিমালা এবং এসএমসই ফাউন্ডেশন ও বাংলাদেশ কৃষি ব্যাংকের দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামার ভিত্তিতে একটি নীতিমালা প্রস্তুতপূর্বক জারি করা হলো।

০৪। **নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

৪.১ **লক্ষ্য** ঃ চলমান প্রেক্ষাপটে দেশীয় উদ্যোক্তাদের সহায়তা প্রদানের লক্ষ্যে স্থানীয় উৎপাদন বৃদ্ধির পাশাপাশি রপ্তানি সম্ভাবনাময় পণ্যসহ 'আমদানি-বিকল্প পণ্যের' উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণের প্রবাহ বৃদ্ধি।

৪.২ **উদ্দেশ্য** ঃ অভীষ্ট উদ্যোক্তাদের মধ্যে সহজ শর্তে, স্বল্পসুদে এবং স্বল্প সময়ের মধ্যে ঋণ বিতরণের মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা চালু, সম্প্রসারণ ও টেকসই করা।

০৫। **ঋণ প্রাপ্তির খাত, ঋণের পরিমান, সুদের হার, মেয়াদ ও জামানত ঃ**

৫.১ **ঋণ প্রাপ্তির খাত ঃ**

ক.অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর, ক্লাস্টারের উদ্যোক্তা এবং ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা;
খ.রপ্তানিযোগ্য পণ্যসহ 'আমদানি-বিকল্প পণ্যের' উৎপাদনে নিয়োজিত উদ্যোক্তা;
গ.আইসিটি ও প্রযুক্তিনির্ভর সৃজনশীল ব্যবসায়ে যুক্ত তরুণ/নতুন উদ্যোক্তা যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি;
ঘ. সারাদেশের নারী উদ্যোক্তা ;
ঙ. পশ্চাৎপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারীরিকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা;
চ.দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, উদ্যোক্তা উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থাসহ উপজেলা ও জেলা প্রশাসনের সুপারিশকৃত উদ্যোক্তা।

৫.২ নিরুৎসাহিত খাত ঃ

ঋণ খেলাপি কোনো উদ্যোক্তাকে অত্র প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবে না। এছাড়া, গ্রাহকের বিদ্যমান কোনো ধরনের ঋণ (এমনকি ব্যক্তিগত ঋণও) সমন্বয় বা ঋণ টেক ওভারের উদ্দেশ্যে অত্র প্যাকেজের আওতায় ঋণ প্রদান করা যাবে না। এছাড়া অনুৎপাদনশীল খাত যেমন মুদি দোকান, ঔষধ বিক্রেতা, হার্ডওয়্যার বিক্রেতা এবং পরিবেশ দূষণ ঘটায় যেমন ইটভাটা, তামাকজাত দ্রব্য প্রস্তুতকারী ও বিক্রেতা এবং কৃষিঋণের আওতাভুক্ত কোন খাতে এ কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা যাবে না।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৫.৩ **ঋণের পরিমান ঃ**

গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ হবে ন্যূনতম ১.০০ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত। উদ্যোক্তার প্রয়োজনীয়তা নিরিখে ব্যাংক উক্ত সীমার মধ্যে ঋণ বিতরণ করবে। তবে মূলধনী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে এ সীমা ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত বর্ধিত করতে পারবে। তবে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকার অধিক ঋণ বিতরণের সমষ্টি মোট ঋণ বিতরণের ২০% এর বেশি হবে না।

৫.৪ **গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৬ %, যা ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে। ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জের বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২১, তারিখঃ ২৯/০৮/২০২১ এবং সময়ে সময়ে অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসরণীয় হবে।

৫.৫ **অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুদের হার ও সার্ভিস চার্জ ঃ**

গ্রাহক পর্যায়ে সুদের হারের ৬% হতে ব্যাংকের অনুকূলে ৪% স্প্রেড রাখার পর অবশিষ্ট ২% সুদ আয় হতে ১.৫% হারে রিভলভিং তহবিলের আকার বৃদ্ধির জন্য কিস্তির মূল টাকার সাথে এবং অবশিষ্ট ০.৫% ফাউন্ডেশনের অনুকূলে সার্ভিস চার্জ আকারে (উভয় ক্ষেত্রেই Reducing Balance Method-এ) এসএমই ফাউন্ডেশনের নিজস্ব হিসাবে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদান করতে হবে (সার্ভিস চার্জ বিধায় আয়কর কর্তনযোগ্য হবেনা)।

৫.৬ **জামানত ঃ**

এ কর্মসূচির আওতায় উদ্যোক্তা-ব্যাংকার সম্পর্কের ভিত্তিতে উদ্যোক্তা পর্যায়ে জামানতবিহীন ঋণ প্রদানে উৎসাহ প্রদান করতে হবে। এক্ষেত্রে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২১-২২/২৫ , তারিখঃ ০৫/০৭/২০২১ অনুসরণযোগ্য হবে।

৫.৭ **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ ঃ**

গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ৪ (চার) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য। তবে ঋণ গ্রহীতার সুবিধার্থে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে গ্রেস পিরিয়ড হ্রাস এবং সর্বোচ্চ ৪৮ (আটচল্লিশ) টি সমান মাসিক কিস্তিতে ঋণ পরিশোধ করা যাবে। এছাড়া, পণ্য উৎপাদনকালীন সময়ে কাঁচামাল ক্রয়ের জন্য মৌসুমী ঋণ বা স্বল্প মেয়াদী (সর্বোচ্চ ১ বছর) ঋণ প্রদান করা যাবে যা ঋণের মেয়াদ শেষে এককালীন পরিশোধযোগ্য।

৫.৮ **ফাউন্ডেশন হতে ব্যাংকের অনুকূলে তহবিল ছাড়, ফাউন্ডেশনকে তহবিল ফেরত প্রদান এবং চুক্তির মেয়াদ ঃ**

৫.৮.১ **তহবিল ছাড় ও প্রয়োজনীয় ডকুমেন্ট ঃ**

ঋণ বিতরণের পূর্বে (Pre-Finance) অথবা পরে (Re-Finance) সম্পূর্ণ কিংবা আংশিক তহবিল CWMS সফটওয়্যারের মাধ্যমে Claim করতে হবে, যা ফাউন্ডেশন হতে যাচাই-বাছাই সাপেক্ষে ছাড় করার জন্য বিবেচনা করা হবে। বিবেচিত তহবিল ব্যাংক ছাড়ের জন্য এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন দাখিল করবে- যা ব্যাংকের প্রধান নির্বাহী কিংবা তাঁর পক্ষে এসএমই বিভাগের প্রধান কর্তৃক স্বাক্ষরিত হবে। সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে CWMS সফটওয়্যারের মাধ্যমে তহবিল ছাড়ের আবেদন এবং ডিমান্ড প্রমিজারি নোট (DP note) স্বাক্ষরের মাধ্যমে ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করা হবে। Pre- Finance এর ক্ষেত্রে ফাউন্ডেশন হতে তহবিল ছাড়ের সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে ছাড়কৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার অর্থাৎ উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ করবে। ৬০ (ষাট) দিনের মধ্যে ঋণ বিতরণ করা সম্ভব না হলে, অবিতরণকৃত তহবিল পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে গ্রাহক পর্যায়ে সুদের হার ৬% অনুযায়ী সুদসহ এসএমই ফাউন্ডেশনকে ফেরত প্রদান করবে।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৫.৮.২ **চুক্তির মেয়াদ ঃ**

চুক্তির মেয়াদকাল ৫ (পাঁচ) বছর, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর হবে। উক্ত সময়সীমার মধ্যে ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করবে, ঋণ বিতরণ সম্পন্ন করবে এবং নির্ধারিত পরিশোধসূচি অনুযায়ী সমুদয় তহবিল এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ফেরত প্রদান করবে। বাংলাদেশ কৃষি ব্যাংক চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ১ বছর সময়ের মধ্যে সম্পূর্ণ তহবিল এবং ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সম্ভব সকল উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করবে।

০৬। **ঋণের আবেদনপত্র দাখিল, ঋণ গ্রাহক বাছাই, ঋণ মঞ্জুরি ও বিতরণ, আদায় এবং ঋণ ঝুঁকি ঃ**

৬.১ **ঋণের জন্য আবেদন ঃ**

ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তারা ঋণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নির্ধারিত শাখায় সরাসরি যোগাযোগ করে ঋণ আবেদন করবেন। চলতি মূলধন/নগদ পূজি ঋণের ক্ষেত্রে এসএমই ঋণ আবেদন ফরম এল,এফ-৮(খ) এবং মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রকল্প ঋণ আবেদন ফরম বিকেবি এল,এফ-২(সিএমএসএমই) ব্যবহার করতে হবে। আবেদনের সময় উদ্যোক্তারা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ডকুমেন্ট এবং প্রমানাদিসহ পূর্ণাঙ্গ (Complete) তথ্যাদি দাখিল করবেন। অসম্পূর্ণ আবেদনপত্র ঋণের জন্য বিবেচনা করা হবে না।

৬.২ **ঋণ মঞ্জুরি ও বিতরণের জন্য সময়সীমা ঃ**

৬.২.১ সুনির্দিষ্ট কোনো কারণ না থাকলে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ 'পূর্নাঙ্গ ঋণ আবেদনপত্র' ব্যাংকের নিকট দাখিলের সর্বোচ্চ ১৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক ঋণ মঞ্জুর করে গ্রাহকের অনুকূলে বিতরণের জন্য উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করবে।

৬.২.২ কোনো কারণে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণ করা সম্ভব না হলে, সেক্ষেত্রে ঋণ মঞ্জুরি না হওয়ার কারণ এবং এবিষয়ে কোনো পরামর্শ থাকলে, তা উল্লেখ করে- ব্যাংক উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করবে। ঋণ আবেদনকারী বর্ণিত সময়সীমা বৃদ্ধি কিংবা পুনরায় ঋণ আবেদন করতে পারবেন।

৬.২.৩ ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ মঞ্জুরির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের সরাসরি কোন ভূমিকা কিংবা সংশ্লিষ্টতা থাকবে না। ব্যাংক ফাউন্ডেশনের সাথে স্বাক্ষরিত চুক্তির নির্দেশনা ও শর্তাবলী অনুসরণ করে তাদের নিজস্ব নীতিমালা/ক্রাইটেরিয়া অনুযায়ী ঋণ মঞ্জুর ও বিতরণ করবে।

৬.২.৪ ঋণ আবেদন ফরম এবং ঋণ মঞ্জুরীপত্রে " **এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত** " বাক্যটি সংযুক্ত করতে হবে।

৬.৩ **ঋণ আবেদন নাকচকরণ ঃ**

আবেদনের ক্ষেত্রে প্রয়োজনীয় কোনো ডকুমেন্ট বা কাগজপত্রের ঘাটতি কিংবা কোনো অসম্পূর্ণতা থাকলে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আবেদনকারীকে সর্বোচ্চ ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অবহিত করবে এবং নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে তা দাখিল/প্রতিপালনের জন্য পরামর্শ প্রদান করবে। আবেদনকারী/উদ্যোক্তা উক্ত সময়সীমার মধ্যে প্রতিপালন করতে সমর্থ না হলে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আবেদনপত্র নাকচ করতে পারবে।

৬.৪ **গ্রুপভিত্তিক ঋণ ঃ**

প্রান্তিক ও ক্ষুদ্র উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে ব্যাংকার-কাস্টমার সম্পর্ক ও ঐক্যমত্যের ভিত্তিতে সর্বোচ্চ ৫ (পাঁচ) জন উদ্যোক্তার অনুকূলে গ্রুপভিত্তিক ঋণ বিতরণ করা যাবে।

৬.৫ **বিশেষ অগ্রাধিকার ঃ**

ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রামীণ ও প্রান্তিক নারী উদ্যোক্তাদের বিশেষ অগ্রাধিকার প্রদান করবে। এছাড়া নিম্নের বিষয় অনুসরণ করে ঋণ বিতরণ করা হবে ঃ

৬.৫.১ **উৎপাদন ও সেবা খাত অগ্রাধিকার প্রদান ঃ**

মোট বিতরণকৃত ঋণের ন্যূনতম ৫০% উৎপাদন খাতে এবং সর্বোচ্চ ২৫% ভ্যালুচেইন ও অন্যান্য খাতের উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ করতে হবে (ভ্যালুচেইন সংজ্ঞা: সংশ্লিষ্ট খাতের সঙ্গে জড়িত আনুষাঙ্গিক ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ ব্যবসাকে

বুঝাবে। উদাহরণস্বরূপ টেক্সটাইল খাতের প্রয়োজনীয় কাঁচামাল যেমন; সুতা, রং, স্ক্রিন প্রিন্ট, প্যাকেজিং, খুচরা যন্ত্রাংশ বিক্রেতা, সরবরাহকারী এবং উৎপাদিত পণ্য পাইকারি ও খুচরা বিক্রেতা);

৬.৫.২ **নারী উদ্যোক্তা অর্থায়ন ঃ**

মোট বিতরণকৃত ঋণের ন্যূনতম ৩০% নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করতে হবে; সেক্ষেত্রে নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণকৃত ঋণের ন্যূনতম ৫০% উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তাদের অনুকূলে প্রদান করতে হবে;

৬. ৫.৩ **ফাউন্ডেশন হতে প্রেরিত ঋণ আবেদন/তালিকা মূল্যায়ন ঃ**

এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি হতে প্রেরিত উদ্যোক্তাদের তালিকা/ঋণ আবেদনসমূহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এর নীতিমালা এবং প্রচলিত যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পন্ন করবে।

৬. ৫.৪ সারাদেশের ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, ক্লাস্টারসহ অন্যান্য অ্যাসোসিয়েশনের উদ্যোক্তাদের আবেদন যথাযথ গুরুত্ব দিয়ে নিষ্পন্ন করার উদ্যোগ নিতে হবে;

৬. ৫.৫ ঋণ বিতরণকালে এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬.৬ **অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণ আবেদন এবং ঋণ আদায়ে সহযোগিতাঃ**

আলোচ্য কর্মসূচির ক্ষেত্রে উদ্যোক্তা সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনগুলোকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংযুক্ত করা হবে বিধায় উদ্যোক্তারা অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া অ্যাসোসিয়েশনগুলোকে তাদের সদস্য উদ্যোক্তাদের মধ্যে যারা ঋণ গ্রহণে আগ্রহী এবং যোগ্য, তাদের তালিকা সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান শাখায় প্রেরণ করতে পারবে। এ লক্ষ্যে অ্যাসোসিয়েশনগুলোতে একজন করে ফোকাল পারসন থাকতে পারে যিনি সময়ে সময়ে ব্যাংকের সাথে যোগাযোগ করবেন, ঋণ মঞ্জুরি ও বিতরণের বিষয়টি ফলোআপ করবেন এবং প্রয়োজনে ঋণ আদায়ে সহযোগীতা করবেন।

৬.৭ **ঋণ আদায়ের দায়িত্ব ও ঋণ ঝুঁকি ঃ** ঋণ আদায়ের দায়দায়িত্ব এবং ঋণ সংক্রান্ত ঝুঁকি (Credit Risk) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ওপর বর্তাবে। অর্থাৎ ঋণ বিতরণ ও আদায়ে এসএমই ফাউন্ডেশনের কোনো দায় এবং ঋণ ঝুঁকি থাকবে না। তবে উপযুক্ত এসএমই উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকরণে ফাউন্ডেশন সার্বিকভাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সব রকম সহযোগীতা প্রদান করবে।

৭. **ঋণ হিসাবায়ন খাত ঃ**

বাংলাদেশ কৃষি ব্যাংক ক্রেডিট বিভাগের ২৮ আগস্ট, ২০২২ তারিখের সার্কুলার লেটার নম্বর ঃ বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/৫৩৫(১২৫০) মোতাবেক এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণসমূহের জন্য বরাদ্ধকৃত মূল খাত ১০২ এর উপখাত ১০২/৩৫ এ হিসাবভুক্ত করতে হবে।

৮. **মনিটরিং এন্ড রিপোর্টিং ঃ**

৮.১ **মনিটরিং ঃ**

এসএমই ফাউন্ডেশন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করবে। অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ বিতরণের পর এসএমই ফাউন্ডেশনের নিজস্ব পদ্ধতি ও লোকবল দ্বারা ঋণ সরেজমিনে পরিদর্শন করে- চুক্তি অনুযায়ী এবং সঠিক উদ্যোক্তার অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে কিনা তা যাচাই ও নিশ্চিত করবে। এছাড়া ঋণ বিতরণ ও আদায়ে ব্যাংককে সহযোগিতা করার লক্ষ্যে ফাউন্ডেশন প্রতিটি সাবসেক্টর/ক্লাস্টার/অঞ্চল/গ্রুপে একজন কর্মকর্তাকে ফোকাল পারসন হিসেবে নিযুক্ত করবে, যিনি ঋণের গ্রাহক বাছাইসহ আদায় পর্যন্ত প্রতিটি পর্যায়ে ব্যাংককে প্রয়োজনীয় সহযোগিতা ও সমন্বয় করবেন। ঋণ বিতরণ পরবর্তীতে ফাউন্ডেশনের পক্ষ হতে উদ্যোক্তাদের সরেজমিনে পরিদর্শন করা হবে।

৮.২ **রিপোর্টিং ঃ**

ব্যাংক প্রতিমাসের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করবে। এসএমই ফাউন্ডেশন ও তার নিজস্ব সিস্টেম বা সফটওয়্যারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত চাইলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তা সরবরাহ করবে।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৯। **ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশনের পদক্ষেপ ঃ**

৯.১ **ঋণ বিতরণে অন্যান্য প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণঃ** আলোচ্য ঋণ কর্মসূচির মূল উদ্দেশ্যের সাথে সংগতি রেখে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ঋণের সুবিধা যাতে গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ প্রাপ্ত হন, সে লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন সম্ভব সকল পদক্ষেপ গ্রহণ করবে। এসএমই ফাউন্ডেশন প্রতিটি জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসনসহ স্থানীয় প্রশাসন, বাংলাদেশ ব্যাংক, বিসিক, মহিলা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা চেম্বার, নাসিব, নারী উদ্যোক্তা সংগঠন, এনজিও ইত্যাদি উদ্যোক্তা সহায়তাকারী প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করবে।

৯.২ **ঋণ সংক্রান্ত সচেতনা বৃদ্ধি ঃ**
অংশীদার ব্যাংকের জন্য নির্ধারিত প্রাইম ক্লাস্টারসমূহে ঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালনে সচেষ্ট থাকবে। প্রাইম ক্লাস্টারসহ সংশ্লিষ্ট জেলায় এসএমই ফাউন্ডেশন হতে পিপিপি মডেলের ভিত্তিতে লিড ব্যাংকের সহযোগিতায় বিভিন্ন ধরনের অ-আর্থিক (নন-ফাইনান্সিয়াল) কর্মসূচি যেমন ঋণ সংযোগকরণ, লিংকেজ, ফাইনান্সিয়াল লিটারেসি, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি গ্রহণ করবে।

৯.৩ **ফোকাল ব্যাংক শাখা ও কর্মকর্তা নির্ধারণ ঃ**
এসএমই ফাউন্ডেশন অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে উদ্যোক্তাদের জন্য সুবিধাজনক এক বা একাধিক শাখা এবং প্রতিটি শাখায় একজন ফোকাল কর্মকর্তা নির্ধারণ করবে। উদ্যোক্তারা ঋণের বিষয়ে ফোকাল কর্মকর্তাদের সাথে যোগাযোগ করবেন। এছাড়া প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে একজন ফোকাল কর্মকর্তা থাকবেন, যিনি এসএমই ফাউন্ডেশন, ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখা এবং উদ্যোক্তাদের সাথে সমন্বয় সাধন করবেন।

৯.৪ **উদ্যোক্তা ও ব্যাংকের সাথে সমন্বয় ঃ**
উদ্যোক্তারা অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে কাঙ্ক্ষিত সেবা/সহায়তা প্রাপ্ত না হলে কিংবা ঋণের ক্ষেত্রে অযৌক্তিকভাবে বিলম্ব হলে কিংবা ঋণের বিষয়ে উদ্যোক্তাদের সুনির্দিষ্ট অভিযোগ থাকলে-উদ্যোক্তাগণ এবিষয়ে এসএমই ফাউন্ডেশনকে অবহিত করতে পারবেন। এলক্ষ্যে এসএমই ফাউন্ডেশনে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন (ফোকাল পারসন), যার সাথে উদ্যোক্তারা সরাসরি যোগাযোগ করতে পারবেন। তিনি উদ্যোক্তাদের বিষয়সমূহ ফলো-আপসহ উদ্যোক্তাদের সাথে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংযোগ স্থাপন করবেন। উদ্যোক্তাগণ অনলাইনের মাধ্যমেও ফাউন্ডেশনের সাথে যোগাযোগ করতে পারবেন।

১০। **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়িত্ব ও করণীয় ঃ**
আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় অংশীদার ব্যাংক চুক্তির শর্ত ও অগ্রাধিকার মোতাবেক করোনায় ক্ষতিগ্রস্ত গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা বিশেষ করে যারা এখন পর্যন্ত ঋণপ্রাপ্ত হননি, তাদেরকে ঋণের আওতায় আনার লক্ষ্যে উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করবে এবং এ বিষয়ে প্রধান কার্যালয় হতে শাখা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যেও ব্যাংক বিশেষ কর্মসূচি গ্রহণ করবে। এছাড়া অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবিষয়ে এসএমই ফাউন্ডেশন ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনকে সময়ে সময়ে প্রয়োজনীয় তথ্য প্রদান ও অন্যান্য সহযোগিতা করবে।

১১। **পরিবেশ ও জলবায়ু সংরক্ষণ ঃ**
এসএমই ফাউন্ডেশন এর ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরিবেশ ও জলবায়ু সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে থাকে। উদ্যোক্তাদের মধ্যে ঋণ প্রদানের ক্ষেত্রে পরিবেশ দূষণকারী বা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ কোন প্রতিষ্ঠান যেন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সুবিধা না পায় সেলক্ষ্যে সর্বাত্মক চেষ্টা করতে হবে।

১২। **চুক্তির পরিবর্তন ও সংশোধন ঃ**
আলোচ্য কর্মসূচির আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সহজ ও ত্বরান্বিত এবং অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশন এবং অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান- উভয় পক্ষের সম্মতি এবং সে অনুযায়ী ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের অনুমোদন অনুযায়ী নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করা যাবে।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরন নীতিমালা।

১৩। এমতাবস্থায়, কোভিড পরবর্তী পরিস্থিতিতে এসএমই খাতে ঋণ প্রবাহ ত্বরান্বিত করার মাধ্যমে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ক্ষুদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ঘোষিত প্রণোদনা প্যাকেজের অন্তর্ভুক্ত এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড়কৃত তহবিল দ্বারা গঠিত 'রিভলভিং ফান্ড' হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে উক্ত নীতিমালা জারি করা হলো। উক্ত নীতিমালা অনুসরণপূর্বক আলোচ্য রিভলভিং ফান্ড হতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো। এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করে মাসিক ঋণ বিতরণ বিবরণী (সংযোজনী-১) এবং সঠিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে মাঠ কার্যালয়ের প্রত্যয়নসহ (সংযোজনী-২) পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

**ঋণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি দৈনিকভিত্তিতে ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে ।**

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

২৫/০৭/২০২৪

(আবু সাঈদ মো. রওশানুল হক)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ-০২৪৭-৭১১৫৩৪৪

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৬(২)/২০২৪-২০২৫/৭০ (২) তারিখঃ ২৫/০৭/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

২৫/০৭/২০২৪

(আ.ন.ম.বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক
**ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯**
ই-মেইলঃ-**dgmsme@krishibank.org.bd**

সংযোজনী-২

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, --------।

## প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র

করোনা ভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে ঋণদান কার্যক্রম সম্প্রসারণের জন্য এসএমই ফাউন্ডেশনের ৩০০.০০ (তিন শত) কোটি টাকার রিভলভিং ফান্ড হতে বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে বরাদ্দকৃত ২০.০০ কোটি টাকার মধ্যে বিভাগীয় কার্যালয়, --------- এর অনুকূলে বরাদ্দকৃত ------- টাকা বিপরীতে জুলাই/২০২২ মাসে ৬% সুদে ------টি ঋণের বিপরীতে মোট ------------ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং--------/২০২৪ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রকৃত ঋণ গ্রহীতাদেরই এ ঋণ প্রদান করা হয়েছে।

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

উপমহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়

বাংলাদেশ কৃষিব্যাংক

" ঋণ মঞ্জুরীপত্রের নমুনা কপি "

-----------শাখা।

--------- অঞ্চল।

মঞ্জুরীপত্র (শাখাহতে ঋণ গ্রহিতা)

এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত

নং:

তারিখ:

বিষয় ঃ **কোভিড-১৯ এর প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে মেসার্স ------------------------------নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এসএমই খাতে ------------- টাকা চলতি মূলধন/নগদ পূঁজি/মেয়াদী ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৪/২০২৪, তারিখ ২৫/০৭/২০২৪ মোতাবেক কোভিড-১৯ এর প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে পরবর্তী ০১/০২/০৩/০৪ বছর সময়কালের জন্য -------- লক্ষ টাকা নগদ পূজি/চলতি মূলধণ/মেয়াদী ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছেঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | সুযোগ সুবিধার ধরণ | ঃ | কোভিড-১৯ এর প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে মঞ্জুরীকৃত ঋণ। |
| ২। | মঞ্জুরীর বিভাজন | ঃ | দায়-বন্ধকিতে ----------- লক্ষ টাকা। |
| ৩। | মোট টাকা | ঃ | দেশীয় মুদ্রায় ------------- লক্ষ টাকা। |
| ৪। | ঋণ মার্জিন অনুপাত | ঃ | ------ ঃ ----------। |
| ৫। | সংগ্রহ পদ্ধতি | | |
| ৬। | জামানত/ সহায়ক জামানত | ঃ | এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বন্ধক থাকবে। |
| ৭। | জামানত / সহায়ক জামানতের উপর চার্জ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে। |
| ৮। | দলিলসম্পাদন | ঃ | সংযুক্তি 'ক' মোতাবেক। |
| ৯। | সুদেরহার | ঃ | ঋণের সুদের হার হবে ৬.০০%। যা ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন করতে হবে। |
| ১০। | ঋণ পরিশোধ পদ্ধতি | ঃ | ক) **মেয়াদী ঋণ**: .........মাস গ্রেস পিরিয়ডসহ ............বছর মেয়াদে..........টি সমমাসিক কিস্তিতে প্রতি কিস্তি................টাকা হারে পরিশোধযোগ্য। উপরোক্ত হারে কিস্তি পরিশোধ করার পর অবশিস্ট পাওনা থাকলে তা শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে।<br>খ) **স্বল্প মেয়াদী ঋণ:** আগামী ..............তারিখের মধ্যে (সর্বোচ্চ ১ বছর) সুদআসলে এককালীন পরিশোধযোগ্য। |
| ১১। | বীমা | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১২। | ঋণ তত্ত্বধান/পরিধারণ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৩। | অন্যান্য শর্তাবলী | ঃ | |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে। উল্লেখিত শর্তসমূহ আপনার নিকট গ্রহনযোগ্য হলে মঞ্জুরীপত্রের কপিতে"পড়িয়া বুঝিলাম এবং শর্তসমূহ পরিপালনের জন্য স্বীকারোক্তি করিলাম "লিখে স্বাক্ষর প্রদানকরতঃ আগামী ------------ তারিখের মধ্যে শাখার নিকট ফেরত পাঠাইতে হবে।

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষর)
নামঃ
পদবীঃ
কর্মস্থলঃ

সংযুক্তি 'ক'

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

বিষয় ঃ **কোভিড-১৯ এর প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে মেসার্স -----------------------------নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এসএমই খাতে ------------- টাকা চলতি মূলধন/নগদ পুঁজি/মেয়াদী ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

**চলতিমূলধন/নগদ পুঁজি ঋণের বিশেষ শর্তাবলীঃ**

(ক) প্রতিষ্ঠানের নাম ও অবস্থান ঃ

(খ) জামানত/সহযোগী জামানত ঃ

(১) প্লেজ/হাইপোথিকেশন;

(২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;

(৩) হলফনামা (এল,এফ-৯);

(৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;

(৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমিবন্ধক নেয়াহলে;

(৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরনপত্র (এল,এফ-৪৪);

(৭) আইন বিভাগের পত্রনং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরন ও দলিলায়ন সম্পাদন করতে হবে।

(গ) দলিলপত্র সম্পাদন(Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(১) ডিপি নোট একক ও যৌথভাবে;

(২) লেটার অব কনটিনিউটি (এলএফ-৬০ই);

(৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);

(৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);

(৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষনা (পৃথকপৃথকভাবে);

(৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;

(৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহনেরজন্য রেজুলেশন (কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৯) এগ্রিমেট ফর ক্যাশ ক্রেডিট

ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);

খ) হাইপোথিকেশন অব ডেট্স এন্ড এ্যাসেট্স (এলএফ-৬০ডি);

(১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংগীকারনামা;

(১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষনা;

(১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পনপত্র;

(১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;

(১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);

(১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারীপ্রতিষ্ঠানের ক্ষেত্রে);

(১৬) সম্মতিপত্র(Letter of Acceptance);

(১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

(ঘ) অপারেশনপরিপত্রনং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবেএবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।

(ঙ) পরিদর্শন ঃ হাইপোথিকেটেড পন্য নিয়মিত ভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(চ) অন্যান্য শর্তাবলী ঃ (প্রয়োজন মোতাবেক)।

কর্মকর্তা ব্যবস্থাপক